

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পে জগন্নাথপুর উপজেলার ০৮ (আট)টি ইউনিয়ন ও সংশ্লিষ্ট পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থানীয় পর্যায়ে শিক্ষিত বেকার যুবক/যুবতীদের মধ্য থেকে নিম্নে বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খানাতালিকা প্রণয়ন/শুমারি কার্যক্রম পরিচালনার জন্য তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি :-

- ০১। প্রার্থীকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক/সমমান পাস হতে হবে।
- ০২। প্রার্থী অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/প্রকল্পের কাজে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৩। প্রার্থীর ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং Intelligent Character Reader (ICR) ফরমের সাথেসংগতিপূর্ণ হতে হবে।
- ০৪। প্রার্থীর মাঠ পর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
- ০৫। খানাতালিকা প্রণয়ন কাজে স্মার্টফোন/ট্যাব ব্যবহার করতে হবে বিধায় প্রার্থীর নিজস্ব স্মার্টফোন/ট্যাব (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫'') থাকতে হবে।
- ০৬। পূর্বের শুমারি/জরিপ কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসার ও পরিসংখ্যান কর্মকর্তা ব্যতীত অন্য যেকোন প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে :-
  - ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি।
  - খ) জাতীয় পরিচয়পত্র (NID) অনুলিপি - ০১ (এক) কপি।
  - গ) নাগরিকত্ব সনদের অনুলিপি - ০১ (এক) কপি।
  - ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি - ০১ (এক) কপি।
  - ঙ) শুমারি/জরিপ কাজে অভিজ্ঞতার প্রমাণপত্র (যদি থাকে) - ০১ (এক) কপি।
- ০৯। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তর/উপজেলা পরিসংখ্যান কার্যালয়/ইউনিয়ন পরিষদ কার্যালয় (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবপোর্টাল [bbs.jagannathpur.sunamganj.gov.bd](http://bbs.jagannathpur.sunamganj.gov.bd) - এ পাওয়া যাবে।
- ১০। তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রকল্পের সংস্থান অনুযায়ী সম্মানী/ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ১১। প্রার্থীদের মধ্য থেকে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতা ও গৃহীত মূল্যায়ন পরীক্ষা/সাক্ষাৎকার (প্রয়োজনবোধে)- এর ফলাফলকে গুরুত্ব দেওয়া হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন/বিয়োজনে রক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লিখিত শর্ত মোতাবেক আবেদনপত্র আগামি ২০/০১/২০২০ খ্রি: তারিখ রোজ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ - এ জমা দিতে হবে। প্রার্থী নিয়োগের জন্য মূল্যায়ন পরীক্ষা/ সাক্ষাৎকারের (প্রয়োজনবোধে) তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

(মাহফুজুল আলম মাসুম)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও

সভাপতি


গণনাকারী/সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে যাচাই-বাছাই কমিটি  
জনশুমারি ও গৃহগণনা ২০২১  
জগন্নাথপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৫২.০১.৯০৪৭.০০০.০৫.০১০.১৯-০০১

তারিখ: ২ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারী ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। মুদ্রাপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
- ০৩। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সুনামগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ০৫। মেয়র, জগন্নাথপুর পৌরসভা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ০৬। ..... কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ০৮। অফিসকপি।

  
০৬.০১.২০২০

মিন্টু সরকার  
পরিসংখ্যান কর্মকর্তা  
ও  
সদস্যসচিব

গণনাকারী/সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে যাচাই-বাছাই কমিটি  
জনশুমারি ও গৃহগণনা ২০২১  
জগন্নাথপুর, সুনামগঞ্জ।